**প্রাপ্তি স্বীকারসহ রেজি: ডাকযোগে/ই-মেইলে**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা**
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
www.cbc.gov.bd

নথি নং-৫(১৩)৭৪/কাস-বন্ড/লাই:/২০১৯ তারিখ: /০৯/২০২৫ খ্রি:

বিষয়: অনুমোদন ব্যতিরেকে FOC ভিত্তিতে ৯২৬.৬১ মে.টন ফেব্রিক্স বন্ড সুবিধায় আমদানি করায় ব্যাখ্যা প্রদান।

সূত্র: ১) এস.আর.ও নং-২১৩-আইন/২০২৪/৬৫/কাস্টমস, তারিখ-২৯/০৫/২০২৪ খ্রি: ও সংশোধনী এস.আর.ও নং-২৪১-আইন/ ২০২৪/৮৩/কাস্টমস, তারিখ-২৬/০৬/২০২৪ খ্রি: এবং সংশোধনী এস.আর.ও নং-২৩৪-আইন/২০২৫/৫৬/কাস্টমস, তারিখ- ২৯/০৬/২০২৫ খ্রি:।
২) বাণিজ্য মন্ত্রণালয়ের আদেশ নং-২৬.০০.০০০০.০৫২.৯৩.০২০.২০-৯৩, তারিখ-১৯/১২/২০২১ খ্রি:।
৩) অত্র দপ্তরের পত্র নং-নথি নং-৫(১৩)৭৪/কাস-বন্ড/লাই:/২০১৯/২৫৪২, তারিখ-১৯/০৩/২০২৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি আপনার/আপনাদের ব্যাখ্যা প্রদানের জন্য দৃষ্টি আকর্ষণ করা হলো।

আপনার/আপনাদের প্রতিষ্ঠান মেসার্স এন এইচ এ্যাপারেলস লিমিটেড, ঠিকানা: হেমায়েতপুর, চলন্তিকা হাউজিং, সাভার, ঢাকা (বন্ড লাইসেন্স নং-২০৫৮/কাস-এসবিডব্লিউ/২০২০, তারিখ-২৩/০৯/২০২০ খ্রি:, বিআইএন নং-০০১০২৪১৯৪-০৪০৩, তারিখ-১১/০২/২০১৮ খ্রি:) নামীয় প্রতিষ্ঠানের MIS হতে সংগৃহিত আমদানি ও রপ্তানি তথ্য পর্যালোচনায় দেখা যায়, ২৩/০৯/২০২৩ হতে ২২/০৯/২০২৪ নিরীক্ষা মেয়াদে প্রতিষ্ঠানটি কর্তৃক ২৫২.৭২ মে.টন তৈরী পোষাক রপ্তানি করা হয়েছে। সূত্রোক্ত ২ নং আদেশ মোতাবেক উক্ত রপ্তানিকৃত ২৫২.৭২ মে.টন তৈরী পোষাকে ব্যবহৃত ফেব্রিক্স এর পরিমাণ (২৫২.৭২ + ২৫২.৭২ এর ১৭%) = ২৯৫.৬৮ মে.টন। সে হিসাবে, সূত্রোক্ত ১ নং এস.আর.ও এর বিধি-৭ মোতাবেক ২৩/০৯/২০২৪ হতে ২২/০৯/২০২৫ নিরীক্ষা মেয়াদে FOC ভিত্তিতে আমদানিযোগ্য কাপড়ের পরিমান হবে ১৪৭.৮৪ মে.টন। কিন্তু সংগৃহিত আমদানি তথ্য পর্যালোচনায় দেখা যায়, ইতোমধ্যে আপনার প্রতিষ্ঠান কর্তৃক ২৩/০৯/২০২৪ হতে ২২/০৯/২০২৫ নিরীক্ষা মেয়াদে FOC ভিত্তিতে ১,১১৩.৭১ মে.টন কাপড় বন্ড সুবিধায় আমদানি করা হয়েছে। তন্মধ্যে আপনার প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত ৩ নং পত্রের মাধ্যমে এ দপ্তর হতে ১১৩.৯৭ মে.টন ফেব্রিক্স FOC ভিত্তিতে আমদানির অনুমোদন দেয়া হয়। এ দপ্তর হতে ইস্যুকৃত সূত্রোক্ত ৩ নং পত্রে বর্ণিত সেলুস কন্ট্রাকের বিপরীতে অনুমোদিত ১১৩.৯৭ মে.টন ফেব্রিক্স এর মধ্যে ৩৯.২৬ মে.টন ফেব্রিক্স আমদানি করা হয়েছে। অর্থাৎ আপনার প্রতিষ্ঠান কর্তৃক এ দপ্তরের অনুমোদন ব্যতিত {১১১৩.৭১ - (১৪৭.৮৪ + ৩৯.২৬)} = ৯২৬.৬১ মে.টন ফেব্রিক্স আমদানি করা হয়েছে।

ফলে আপনার প্রতিষ্ঠান কর্তৃক সূত্রোক্ত ১ নং এস.আর.ও লঙ্ঘণপূর্বক অনুমোদন ব্যতিরেকে FOC ভিত্তিতে ৯২৬.৬১ মে.টন কাপড় বন্ড সুবিধায় আমদানি করা হয়েছে, যা অবৈধ অপসারণের সামিল। আপনার প্রতিষ্ঠানের এ ধরণের কর্মকান্ড কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১১৮ ও ১২৬ ভঙ্গসহ বন্ড লাইসেন্সের শর্ত লঙ্ঘিত হওয়ায় একই আইনের ধারা ১৭১ (১) এর টেবিলভুক্ত ক্লজ ২, ২২ ও ২৩(২) অনুযায়ী দন্ড আরোপযোগ্য। এ বিষয়ে আপনার প্রতিষ্ঠানের বিরুদ্ধে কেন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না; তার কারণ ব্যাখ্যা সম্বলিত লিখিত জবাব এ পত্র জারির ০৭ (সাত) দিনের মধ্যে এ দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া অনুমোদন ব্যতিরেকে FOC ভিত্তিতে পণ্য আমদানিপূর্বক অবৈধ অপসারণের চেষ্টা করায় তথা বন্ড সুবিধার অপব্যবহার করায় আপনার প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্স কেন সাময়িক ভাবে স্থগিত (Suspend)সহ BIN Lock করা হবে না সে বিষয়েও আপনার ব্যাখ্যা দাখিলের জন্য অনুরোধ করা হলো।

স্বা:
[এ. কে. এম. আহসান হাবীব]
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে

প্রাপক: ব্যবস্থাপনা পরিচালক
মেসার্স এন এইচ এ্যাপারেলস লিমিটেড,
ঠিকানা: হেমায়েতপুর, চলন্তিকা হাউজিং, সাভার, ঢাকা

নথি নং-৫(১৩)৭৪/কাস-বন্ড/লাই:/২০১৯ /৮০৪৪ (2) তারিখ: ০৮/০৯/২০২৫ খ্রি:

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রেসিডেন্ট, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং-৭/৭এ, ব্লক-এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
২. সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা (পত্রটি এ দপ্তরের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৩. প্রেরণ শাখা, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা (পত্রটি জারি পরবর্তী বর্ণিত ই-মেইল ঠিকানায় প্রেরণের অনুরোধসহ)।

০৮/০৯/২৫
[এ. কে. এম. আহসান হাবীব]
সহকারী কমিশনার

C:\Users\Dell\Desktop\Glamour Dresses Ltd. (08) COM 2023 act done approved format (1).docx